

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নেত্রকোণা জেলার সদর উপজেলার নিউটাউন বিলপাড় সপ্রাভি এর পুরাতন পরিত্যক্ত ভবন, জাহানারা সপ্রাভি এর পুরাতন সেমিপাকা ভবন, তাতিয়র বাইশদার সপ্রাভি এর পুরাতন সেমিপাকা ভবন, বাগড়া সপ্রাভি এর পুরাতন সেমিপাকা ভবন, নন্দীপুর সপ্রাভি এর পুরাতন সেমিপাকা ভবন, হাপানিয়া সপ্রাভি এর পুরাতন সেমিপাকা ভবন, মনকান্দিয়া সপ্রাভি এর পুরাতন সেমিপাকা ভবন, রায়দুমঝাউসী সপ্রাভি এর পুরাতন টয়লেট এবং পুরাতন বাউন্ডারী ওয়াল আগামী ২৮/০৩/২০২৪ খ্রি: দুপুর-০২.০০ ঘটিকার সদর উপজেলা পরিষদ হলরুমে প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে। উক্ত নিলামে অংশ গ্রহন করার জন্য সকলকে অনুরোধ হলো।।

নিলামের শর্তাবলী :

- ০১। ডাককারীকে নিলামে অংশগ্রহনের পূর্বে পরিত্যক্ত ভবনগুলো সরেজমিনে দেখে আসতে হবে। পরবর্তীতে এ ব্যাপারে কোন ওজর আপত্তি গ্রহনযোগ্য হবে না।
- ০২। ডাকে অংশ গ্রহনের পূর্বে ২৭/০৩/২০২৪ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর নামে যে কোন তফসিলি ব্যাংক থেকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার ব্যাংক ড্রাফট জামানত হিসাবে প্রদান করতে হবে। উল্লেখ্য নিলামের দিন কোন ব্যাংক ড্রাফট গ্রহন করা হবে না।
- ০৩। সর্বোচ্চ দরদাতাকে ঐ দিনেই নিলামের নগদ টাকা এবং বিধি মোতাবেক নিলাম ডাকের ভ্যাট ও আয়করের টাকা উপজেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা বরাবরে জমা প্রদান করে মালামাল অপসারণের আদেশপত্র গ্রহন করতে হবে। অন্যথায় দ্বিতীয় সর্বোচ্চ নিলাম ডাককারী বিধি মোতাবেক ডাক প্রাপ্ত হবে।
- ০৪। ভ্যাটসহ সমুদয় টাকা জমা প্রদানের পর নিজ খরচে ভবন সহ মালামাল ১০ দিনের মধ্যে ভেঙ্গে নিতে হবে।
- ০৫। নির্ধারিত সময়ের মধ্যে ডাককৃত মালামাল অপসারণে ব্যর্থ হলে পরবর্তী প্রতিদিনের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা হারে সুরক্ষা জামানত হতে কর্তন করা হবে।
- ০৬। নির্দিষ্ট সময়ের মধ্যে পরিত্যক্ত ভবন ভেঙ্গে নিতে ব্যর্থ হলে ডাকের সমস্ত টাকা কর্তৃপক্ষ বাজেয়াপ্ত করতে পারবেন।
- ০৭। এছাড়াও কোন কারণ দর্শানো ব্যতিরেকে ডাককারীর ডাক বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন।
- ০৮। নিলাম ডাকে অংশগ্রহনকারী ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করতে পারবেন।



(মোঃ আসাদুজ্জামান)

উপজেলা শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা নিলাম কমিটি

নেত্রকোণা সদর, নেত্রকোণা।

ফোন (অফিস) : ০২-৯৯৬৬৫১৫৮৮

E-mail : ueonetsadar@gmail.com

স্মারক নং-৩৮.৪৫.৭২০০.০০০.৯৯.০০১.২০২৪-

তারিখ:- ০৬ চৈত্র ১৪৩০ বাংলা।
২০ মার্চ ২০২৪ খ্রি:।

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো:-

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

০২। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

০৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার নেত্রকোণা সদর, নেত্রকোণা

০৪। উপজেলা প্রকৌশলী, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

০৫। চেয়ারম্যান(সকল),ইউপি, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

০৬। নোটিস বোর্ড।